Visit of Shri V. Muraleedharan, Minister of State for External Affairs to Republic of Sudan (October 18-19, 2021)

October 20, 2021

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের সুদান প্রজাতন্ত্র সফর (অক্টোবর 18-19, 2021)

অক্টোবর 20, 2021

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন 18 থেকে 19 শে অক্টোবর 2021 , তারিখে সুদান প্রজাতন্ত্র সফর করেছেন। তার সফরকালে তিনি অন্তবর্তী সার্বভৌম পরিষদের প্রধান হিজ এক্সেলেন্সি জেনারেল আবদেল ফাতাহা আল বুরহান আবদেল রহমান এবং প্রধান মন্ত্রী ডঃ আবদাল্লাহ হামদকের সাথে সাক্ষাৎ করেছেন এবং পারস্পরিক স্বার্থের বিস্তীর্ণ পরিসরের দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়ের উপরে আলোচনা করেছেন। প্রতিমন্ত্রী, বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্স ডঃ মারিয়ম আল-সাদিক আল মাহদির সাথে দ্বিপাক্ষিক সহযোগিতার উপরে আলোচনা করেছেন এবং আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন। প্রতিমন্ত্রী খার্টুমে জাতীয় শক্তি গবেষণা কেন্দ্র পরিদর্শন করেন, যেখানে 2007 সালে এক্সিম ব্যাঙ্কের লাইন অব ক্রেডিটের অধীনে ভারত ফটোভোল্টিক মডিউলস ফ্যাব্রিকেশন মেশিন প্রদান করেছিল।

2. আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও প্রেরণা জোগাবার জন্য অতি শীঘ্র এক তারিখে চতুর্থ ভারত-সুদান যৌথ মন্ত্রীস্তরীয় কমিটির (জেএমসি) আয়োজন করার বিষয়ে বৈঠকে সহমত প্রকাশ করা হয়েছে। ভারত এবং সুদানের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য এবং বিনিয়োগকে বর্দ্ধিত করার জন্য পারস্পরিক আকাঙ্ক্ষা রয়েছে। প্রতিমন্ত্রী সুদানের ব্যবসায়িক সম্প্রদায়ের সাথে দ্বিপাক্ষিক ব্যবসা ও বাণিজ্য জোরদার করার উপরে আলাপ আলোচনা করেছেন এবং ভারতের বিকাশের ইতিহাসে অংশগ্রহণ করার জন্য তাদের আহ্বান করেছেন।

3. সুদানে 3000 মানুষের একটি ছোট্ট অথচ প্রাণবন্ত ভারতীয় সম্প্রদায়ের বাস রয়েছে, যাদের মধ্যে বেশীরভাগ মানুষ ব্যবসায়ী, দক্ষ কারিগর এবং পেশাদার ব্যক্তি, যারা বিভিন্ন বেসরকারি কোম্পানি এবং আন্তর্জাতিক সংস্থায় কর্মরত। প্রতিমন্ত্রী তার সফরকালে এক বিশাল সংখ্যার ভারতীয় সম্প্রদায়ের সাথে আলাপচারিতা করেছেন। সামগ্রিক ভাবে এই সফর সুদানের সাথে আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও বহুমুখী এবং গভীর করার জন্য সুর বেঁধে দেবে।

নিউ দিল্লি
অক্টোবর 20, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.